REGIONAL NEWS UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:31-08-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

Central Team met with C.M:

রাজ্যের বন্যা পরিস্থিতির ক্ষয় ক্ষতি নিরূপনে রাজ্যে আসা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্কের যুগ্ম সচিব বি সি যোশীর নেতৃত্বে কেন্দ্রীয় আন্তঃমন্ত্রণালয় প্রতিনিধি দল গতকাল মহাকরনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সাক্ষাৎ করেন। তারা রাজ্যের বন্যা পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। মুখ্যমন্ত্রী জানান, প্রতিনিধি দলের সদস্যরা রাজ্যের দক্ষিন, গোমতী, সিপাহীজলা ও খোয়াই জেলার বন্যার ক্ষয় ক্ষতি পরিদর্শন করেছেন। ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলেছেন। মুখ্যমন্ত্রী জানান, প্রতিনিধি দলটি রাজ্যে বন্যায় ক্ষয়ক্ষতি নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকে রিপোর্ট পেশ করবেন। তাদের রিপোর্টের ভিত্তিতে রাজ্যের বন্যার্তদের পুনরায় সাহায্য সহায়তা করতে সুবিধা হবে। রাজ্য সরকারের অনুরোধে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক এই প্রতিনিধিদের রাজ্যে পাঠিয়েছে।

**********************

**PM, LAUNCHING :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিকেলে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনটি বন্দে ভারত ট্রেনের যাত্রার সূচনা করবেন। 'মেক ইন ইন্ডিয়া' এবং আত্মনির্ভর ভারত এর দৃষ্টিভঙ্গিতে তৈরি এই অত্যাধুনিক বন্দে ভারত এক্সপ্রেসগুলি মিরাট-লখনউ, মাদুরাই-বেঙ্গালুরু এবং চেন্নাই-নাগেরকোয়েল রুটে সংযোগ উন্নত করবে।

প্রধানমন্ত্রী আজ সকালে নতুনদিল্লির ভারত মণ্ডপমে জেলা বিচার বিভাগের জাতীয় সম্মেলনের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে

প্রধানমন্ত্রী সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠার ৭৫ বছর পূর্তি উপলক্ষে একটি ডাকটিকিট ও মুদ্রা উন্মোচন করবেন।

*****************

Poshan Maah:

সারা দেশের সঙ্গে আগামী পয়লা সেপ্টেম্বর থেকে ঊনকোটি জেলাতেও সপ্তম রাষ্ট্রীয় পোষন মাস উদযাপন করা হবে। এই লক্ষ্যে গতকাল কৈলাশহরে জেলা শাসক কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে জানানো হয়, ভারত সরকার অপুষ্টি দূর করতে ও সুস্বাস্থ্য বজায় রাখতে এবং রোগ প্রতিরোধে পুষ্টিকর সামগ্রী বিতরণ সহ প্রচারের ব্যবস্থা করেছে।সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্দোগে আয়োজিত এই প্রশাসনিক বৈঠকে সভাপতিত্ব করেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। বৈঠকে বিভিন্ন দপ্তরের আধিকারিক ছাড়াও শিশু কল্যাণ কমিটির সদস্যরা ও চাইল্ড লাইনের প্রতিনিধিরা অংশ নেন।বৈঠক সম্পর্কে সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা জানান, পোষন অভিযান সম্পর্কে প্রচার কর্মসূচির পাশাপাশি গোটা ঊনকোটি জেলা জুড়ে ব্যাপক বনসৃজনের লক্ষ্যে পরিবেশ রক্ষায় গাছের চারা রোপণ করা হবে।

******************

CM gratitude:

ত্রিপুরার বন্যায় মৃতের পরিবারের জন্য প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল থেকে ২ লক্ষ টাকা এবং গুরুতর আহতদের জন্য ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান করার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই সহায়তা প্রদানের জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান মুখ্যমন্ত্রী।

*******************

Oath taking:

ঊনকোটি জেলার চন্ডীপুর পঞ্চায়েত সমিতি'র নবনির্বাচিত সদস্য-সদস্যারা গতকাল শপথ গ্রহণ করেন।ব্লক অফিস চত্বরে আয়োজিত অনুষ্ঠানে নবনির্বাচিতদের শপথবাক্য পাঠ করান, জেলা পঞ্চায়েত আধিকারিক ডেভিড হালাম।১১ সদস্যক পঞ্চায়েত সমিতির সবাই গতকাল শপথ গ্রহণ করেছেন।চেয়ারপার্সন হিসাবে শম্পা দাস পাল ও ভাইস-চেয়ারম্যান হিসাবে বিনয় সিংহ শপথ নেন। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রমমন্ত্রী টিংকু রায়।

*****************

Airport :

কেন্দ্রীয় বেসামরিক বিমান পরিবহন প্রতি মন্ত্রী মুরলীধর মোহল এমবিবি বিমান বন্দরকে আন্তর্জাতিক বিমান বন্দর ঘোষণার দাবির অগ্রগতি সম্পর্কে গতকাল চিঠির মাধ্যমে সাংসদ বিপ্লব কুমার দেবকে অবগত করেন। আন্তর্জাতিক বিমান বন্দরের বিষয়টি বিমানবন্দরের ট্রাফিক ক্ষমতা, আন্তর্জাতিক ফ্লাইট পরিচালনার জন্য এয়ারলাইন্সের চাহিদা এবং দ্বিপাক্ষিক বিমান পরিষেবা চুক্তির উপর নির্ভর করে বলে জানান। এই বিমানবন্দরকে ইমিগ্রেশন চেক পোস্ট হিসাবে ঘোষণা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে অনুরোধ করা হয়েছে বলে জানান তিনি।

******************

**Vice President :**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর বলেছেন যে নারীরা দেশের বৃদ্ধিতে অংশগ্রহণ না করলে ভারত উন্নত দেশ হতে পারবে না। তিনি গতকাল দিল্লি বিশ্ববিদ্যালয়ের ভারতী কলেজে "বিকশিত ভারতে মহিলাদের ভূমিকা" শীর্ষক একটি অনুষ্ঠানে একথা বলেন। বিকশিত ভারত তৈরিতে মহিলারা সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশীদার বলে জানান তিনি। উপরাষ্ট্রপতি মহিলাদের নেতৃত্বে ক্ষমতায়নের উপরও জোর দেন।

*******************

**Pension Application Form :**

পেনশনভোগীদের জন্য সরকার একটি একক সরলীকৃত পেনশন আবেদন ফর্ম ও ই-এইচআরএমএসের সঙ্গে ভবিষ্যর ডিজিটাল সংযুক্তি ব্যবস্থা চালু করেছে। কর্মী, জনঅভিযোগ ও পেনশন মন্ত্রকের প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং গতকাল নতুন দিল্লিতে এই উদ্যোগগুলি ভিডিও কনফারেন্সের মাধ্যমে চালু করেন। অনুষ্ঠানে ডঃ সিং বলেন, একক সরলীকৃত পেনশন আবেদনপত্র এবং ই-এইচআরএমএস-এর ভবিষ্যের ডিজিটাল ইন্টিগ্রেশন পেনশনভোগীদের জন্য প্রক্রিয়াটিকে সহজ করবে।

কর্মী ও প্রশিক্ষণ বিভাগের সচিব বিবেক যোশী মানব সম্পদ ব্যবস্থাপনাকে উন্নত করার জন্য এই উদ্যোগগুলিকে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক বলে অভিহিত করেছেন।

******************

Sanjoy kar:

বন্যা পরিস্থিতিতে দুর্গত মানুষের সাহায্যের জন্য এগিয়ে এসেছে আগরতলার ১৫ টি নাট্য দলের জোট সম্মিলিত নাট্য প্রয়াস। গতকাল প্রয়াসের পক্ষ থেকে ১৫ হাজার টাকার চেক মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহার হাতে তুলে দেন সংস্থার সম্পাদক সঞ্জয় কর, সহ-সম্পাদক পার্থ মজুমদার প্রমুখ।

*****************

**PM, Para Olympic :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্যারিস প্যারালিম্পিক ২০২৪ এ মহিলাদের R2, ১০ মিটার এয়ার রাইফেল SH1 ইভেন্টে স্বর্ণ পদক জয় করায় ভারতীয় শ্যুটার অবনী লেখারাকে অভিনন্দন জানিয়েছেন।

প্রধানমন্ত্রী এছাড়াও মহিলাদের R2, ১০মিটার এয়ার রাইফেল SH1 ইভেন্টে ব্রোঞ্জ পদক জেতার জন্য ভারতীয় শ্যুটার মোনা আগরওয়ালকে অভিনন্দন জানিয়েছেন। শ্রী মোদী বলেন যে এই অসাধারণ কৃতিত্ব, তার উৎসর্গ এবং শ্রেষ্ঠত্বের সন্ধানকে প্রতিফলিত করে এবং ভারত এজন্য গর্বিত।

******************

Chandra smriti Football:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতকালের রাতের খেলায় ব্লাডমাউথ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ১-০ গোলে জুয়েলস এসোসিয়েশনকে পরাজিত করে। আজ দুটি খেলা হবে।

****************

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর এবং ধোলাই জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া দপ্তর।

***************

***************